

বিশ্ব বসতি দিবস উপলক্ষে জাতিসংঘ মহাসচিব কফি আনানের বাণী

৪ অক্টোবর ২০০৪

এ বছর বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য - নগর: গ্রামীণ উন্নয়নের চাবিকাঠি। এ বিষয়টি বেছে নেওয়ার কারণ হলো প্রতিটি পর্যায়ে উন্নয়ন নীতি নির্ধারকদের স্মরণ করিয়ে দেওয়া যে, নগর ও গ্রামকে পৃথক সত্ত্বা চিন্তা না করে সামগ্রিক, অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের অংশরূপে বিবেচনা করা।

নগর গ্রামের সাথে বিভিন্নভাবে জড়িত। শহরে বসবাসকারী ও উপার্জনকারী অভিবাসীরা গ্রামে তাদের পরিবারের জন্য টাকা পাঠায়। শহর - নগরগুলো অতিরিক্ত গ্রামীণ জনসংখ্যাকে ধারণ করে এবং কৃষি ও অন্যান্য গ্রামীণ পণ্যের বাজার সৃষ্টি করে। শহরে এমন সব সুযোগ-সুবিধা থাকে - যেমন, বিশ্ববিদ্যালয় ও হাসপাতাল- যা গ্রামে থাকে না বা থাকা সম্ভব নয়। শহরগুলোতেই বিশ্বের অধিকাংশ বিনিয়োগ হয়, যা গ্রামীণ অঞ্চলের পণ্য, শ্রম ও অন্যান্য উপকরণের চাহিদা বৃদ্ধি করে।

আগামী ২৫ বছরে সকল জনসংখ্যার প্রবৃদ্ধি কার্যত শহরগুলোতে, বিশেষত উন্নয়নশীল দেশের শহরগুলোতেই ঘটবে। দ্রুত প্রবৃদ্ধির শহরগুলো হয়ে যাবে মধ্যম ও বাজার শহর, বিশেষত যেগুলো গ্রামীণ এলাকা সংলগ্ন। এই প্রবৃদ্ধি গ্রামীণ জীবন উন্নয়নে সাহায্য করবে এবং মেগা সিটির সমস্যাগুলো লাঘব করবে। কিন্তু এটা করতে হলে দরকার সুব্যবস্থাপনা। যোগাযোগ, পরিবহন রুট ও অন্যান্য অবকাঠামো ক্ষেত্রে উলেখযোগ্য বিনিয়োগ করতে হবে এবং দৃঢ় সমন্বয়ের মাধ্যমে নিশ্চিত করতে হবে যেন সবাই পর্যাপ্ত সেবার সুযোগ লাভ করতে পারে।

গ্রামীণ ও নগর উন্নয়নের জন্য ভিন্ন ভিন্ন পদক্ষেপ প্রয়োজন এটা যদিও সত্য, তবু টেকসই উন্নয়নের জন্য দুটিকে আলাদাভাবে দেখলে হবে না বা দেখা উচিত হবে না। আজ বিশ্ব বসতি দিবসে আসুন আমরা গ্রামীণ উন্নয়নে নগরের গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি দেই, এবং আমরা এই বোঝাপড়ার প্রতিফলন ঘটে এমন সর্বাত্মক পন্থায় উন্নয়ন কাজ করি।

* * * * *